

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(বাজেট শাখা)  
www.lgd.gov.bd

নং- ৪৬. ০২৩. ০২০. ০০. ০০. ০১২. ২০১২- ১১৩৭


তারিখঃ ২৯ আষাঢ় ১৪২৩ বঙ্গাব্দ  
১৩ জুলাই ২০১৬ খ্রিস্টাব্দ

বিষয়ঃ নির্মাণ সংস্থা (Construction firm) সেবার বিপরীতে উৎসের মূল্য সংযোজন কর আদায়/কর্তন নিশ্চিতকরণ

সূত্রঃ ০৮.০১.০০০০.০৬৮.০৯.০০৪.১২/১৫৮ তারিখঃ ১৯/০৬/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ড হতে প্রাপ্ত আধা-সরকারি পত্রটি এতদসংগে প্রেরণ করা হল। উক্ত আধা-সরকারি পত্রের নির্দেশনা মোতাবেক ২০১৬-১৭ অর্থবছরের বাজেটে নির্মাণ সংস্থা সেবার আওতায় উৎসের মূল্য সংযোজনের হার ৫.৫% হতে বৃদ্ধি করে ৬% নির্ধারণসহ পাশাপাশি অন্যান্য ক্ষেত্রে গৃহীত পরিবর্তনের আলোকে স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক উৎসে মূল্য সংযোজন কর (VDS) কর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তঃ বর্ণনামতে।


  
(মোঃ জাহিদ হোসেন)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন- ৯৫৭৫৫৭৩  
e-mail: lgadmin1@lgd.gov.bd

**বিতরণঃ**

- ১। অতিরিক্ত সচিব(সকল)/ মহাপরিচালক(মইই), স্থানীয় সরকার বিভাগ।
- ২। যুগ্মসচিব/পরিচালক(সকল), স্থানীয় সরকার বিভাগ।
- ৩। উপসচিব( ), স্থানীয় সরকার বিভাগ।
- ৪। সিনিয়র সহকারী সচিব( ), স্থানীয় সরকার বিভাগ।
- ৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

**দপ্তর/সংস্থাঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

- ০১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ০২। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা।
- ০৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ০৪। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/খুলনা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/রাজশাহী ওয়াসা।
- ০৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/নারায়নগঞ্জ/কুমিল্লা/রংপুর/ গাজীপুর সিটি কর্পোরেশন।
- ০৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ঢাকা মশক নিবারণী দপ্তর, ঢাকা।



ডিও নং- ০৮.০১.০০০০.০৬৮.০৯.০০৪.১২/ ১৫৮

তারিখঃ ১৯/০৬/২০১৬খ্রিঃ।

বিষয়: নির্মাণ সংস্থা (construction firm) সেবার বিপরীতে উৎসে মূল্য সংযোজন কর আদায়/কর্তন নিশ্চিতকরণ।

*স্বপ্ন সংস্থা*

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, রাজস্ব আদায়ের অন্যতম একটি উৎস হলো মূল্য সংযোজন কর বা ভ্যাট (VAT)। এ খাতের আওতায় আদায়কৃত রাজস্বের একটি বড় অংশ আসে 'উৎসে মূল্য সংযোজন কর' খাত থেকে, যা VAT Deduction at Source বা VDS নামে পরিচিতি লাভ করেছে। মূল্য সংযোজন কর আইন অনুযায়ী যে কয়টি খাত থেকে উৎসে মূল্য সংযোজন কর আদায় করা হয় তন্মধ্যে 'নির্মাণ সংস্থা' সেবা অন্যতম। ২০১৬-১৭ অর্থবছরের বাজেটে নির্মাণ সংস্থা সেবার আওতায় উৎসে মূল্য সংযোজন করের হার ৫.৫% থেকে বৃদ্ধি করে ৬% করা হয়েছে, যা গত ০২ জুন, ২০১৬খ্রিঃ তারিখ থেকে কার্যকর করা হয়েছে। এছাড়া, মোটর গাড়ীর গ্যারেজ ও ওয়ার্কশপ এবং ডকইয়ার্ড সেবার ক্ষেত্রে উৎসে মূল্য সংযোজন করের হার ৭.৫% হতে ১০% এবং পেট্রোলিয়ামজাত পণ্য ও অন্যান্য পণ্য পরিবহনের বিপরীতে মূল্য সংযোজন করের হার যথাক্রমে ২.২৫% ও ৭.৫% হতে বৃদ্ধিপূর্বক ৪.৫% ও ১০% নির্ধারণ করা হয়েছে।

০২। মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ১৮৬ অনুযায়ী সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, এনজিও, ব্যাংক, বীমা, আর্থিক প্রতিষ্ঠান, লিমিটেড কোম্পানী, শিক্ষা প্রতিষ্ঠান ও বার্ষিক এক কোটি টাকার অধিক টার্নওভারযুক্ত প্রতিষ্ঠানকে উৎসে মূল্য সংযোজন কর কর্তনের দায়িত্ব প্রদান করা হয়েছে। বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় সরকারি বিভিন্ন দপ্তর/সংস্থা বিভিন্ন উপায়ে তাদের ক্রয় সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করে থাকে। এছাড়া, অর্থবছরের শেষ প্রান্তিকে এসে উন্নয়ন কার্যক্রমের গতি বৃদ্ধি পায়। সে কারণে এ সময়ে এ খাত থেকে উৎসে মূল্য সংযোজন কর আদায়ের পরিমাণও বৃদ্ধি পায়।

০৩। বর্ণিত পরিস্থিতিতে এবং ২০১৬-১৭ অর্থবছরের বাজেটে নির্মাণ সংস্থা সেবার আওতায় উৎসে মূল্য সংযোজন কর কর্তনের হার ৫.৫% হতে বৃদ্ধি করে ৬% নির্ধারণসহ পাশাপাশি অন্যান্য ক্ষেত্রে গৃহীত পরিবর্তনের আলোকে আপনার মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক উৎসে মূল্য সংযোজন কর (VDS) কর্তনের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

০৪। এ ব্যাপারে আপনার অব্যাহত সহযোগিতা কামনা করছি।

*শুভেচ্ছান্তে*

স্বপ্ন-সচিব (০৪) এর দপ্তর  
স্থানীয় সরকার বিভাগ  
স্মারক নং: ২০০৫  
তারিখ: ১৯/৬/১৬  
স্বপ্ন-সচিব (০৪) প্রাথমিকভাবে আপনার  
স্মারক নং: ১/২/১৬

এ মহোদয়ের নির্দেশক্রমে প্রেরণ হলো।  
একান্ত সচিব

স্থানীয় সরকার বিভাগ সচিবের দপ্তর	
১) অতিরিক্ত সচিব	২) প্রশাসন
২) মহাপরিচালক	৩) উন্নয়ন
৩) স্বপ্ন-সচিব	৪) নগর উন্নয়ন
	৫) পাস
	৬) আইন

মোঃ নজিবুর রহমান

জনাব আবদুল মালেক  
সচিব  
স্থানীয় সরকার বিভাগ  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

১৪৬  
২২.৬.১৬